FEB. 28 2001

ভোরের কাগজ

# বাংলাদেশের শিক্ষা কার্যক্রমে ৭০ লাখ ডলার সুইস মঞ্জুরি

সুইজারল্যান্ড বাংলাদেশের সাক্ষরতা-উত্তর ও অব্যাহত শিক্ষা কর্মসূচির জন্য ৭০ লাখ মার্কিন ডলার মঞ্জুরি দেবে। বাংলাদেশী টাকায় এই অঙ্ক দাঁড়ায় ৩৮ কোটি টাকা। গতকাল মঙ্গলবার ঢাকায় বাংলাদেশ ও সুইজারল্যান্ডের মধ্যে এই মর্মে একটি চুক্তি স্বাক্ষরিত হয়।

ঢাকাস্থ সুইস দূতাবাসের কাউন্সেলর এবং সুইস উন্নয়ন ও সহযোগিতা এজেন্সির (এসডিসি) প্রধান মি. মার্কোস ওয়ান্ডফোগেল এবং বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব ড. এ কে এম মসিউর রহমান নিজ নিজ সরকারের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন।

বাংলাদেশ সরকারের সম্মতিক্রমে সুইজারল্যান্ড তার দেওয়া এই অর্থের দেখাশোনার ভার দিয়েছে আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা বা আইডিএ-কে। এই প্রকল্পে বাংলাদেশ, সুইজারল্যান্ড ও আইডি-এর মধ্যে সম্মত এক অর্থ জোগান পরিকল্পনার আওতায় সুইজারল্যান্ড এই অর্থ দিয়েছে।

সাক্ষরতা-উত্তর এই অব্যাহত শিক্ষা কার্যক্রমের উদ্দেশ্য হলো জোরদার উপ-আনুষ্ঠানিক শিক্ষার মাধ্যমে সদ্য অক্ষরজ্ঞান অর্জনকারীদের লেখাপড়া অব্যাহত রাখা। সুইজারল্যান্ডের দেওয়া এই অর্থ-উপ-আনুষ্ঠানিক শিক্ষার জাতীয় কাঠামো প্রণয়ন, স্বাক্ষরতা-উত্তর পাঠ্যসূচি প্রণয়ন ইত্যাদি কর্মকাণ্ডে ব্যয় করা হবে।

দু দেশের মধ্যে ১৯৭৬ সালে সম্পাদিত কারিগরি সহযোগিতা চুক্তির আওতায় বর্তমান চুক্তিটি স্বাক্ষরিত হয়। বিজ্ঞপ্তি।